# BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION
JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/২২৫৪/২০১৫/০৪

তারিখঃ ০২ জানুয়ারী ২০১৭ ইং

Super Shares & Securities Limited
Elite House
CDA Avenue
Nasirabad, Chittagong

বিষয়: আদেশ।

কমিশনের ০২ জানুয়ারী ২০১৭ ইং তারিখের আদেশ নং- বিএসইসি/এনফোর্সমেন্ট/২২৫৪/২০১৫/ ০৩ এর অনুলিপি আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদ্‌সংগে সংযুক্ত করা হলো।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

মোঃ ইউসুফ ভূইয়া
উপ-পরিচালক
এনফোর্সমেন্ট বিভাগ

বিতরনঃ

প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড
প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড

অবগতির জন্য অনুলিপি:

১। নির্বাহী পরিচালক, আইন, বিএসইসি
২। নির্বাহী পরিচালক, সার্ভেইল্যান্স, বিএসইসি
৩। নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি
৪। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি

BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION
JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/২২৫৪/২০১৫/০৩

তারিখঃ ০২ জানুয়ারী ২০১৭ ইং

আদেশ

যেহেতু, কমিশন, Super Shares & Securities Limited (সিএসই টিআরসি নং-০৬৭) কে তার আবেদনক্রমে, নির্ধারিত শর্তাধীনে সিকিউরিটিজ ক্রয় বিক্রয় কর্মকান্ড পরিচালনা করার জন্য সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ১০(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ৫(৫) সহ পঠিত স্টকব্রোকার/ডিলার রেজিষ্ট্রেশন সার্টিফিকেট প্রদান করেছে;

যেহেতু, Chittagong Stock Exchange Limited এর আদেশ নং CSE/Ins/May/15 dated May 27,2015 এর মাধ্যমে Super Shares & Securities Limited এ পরিদর্শনের জন্য একটি কমিটি গঠিত হয় এবং উক্ত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী findings and contraventions নিম্নরূপঃ

**1.** SSSL are maintaining a consolidated customer bank account with a deficiency in it by Tk.17,54,760.18 as on 31 January,2015

**Contravention** : Consolidated Customer Bank Account should be maintained as per 8A(1) and (2) of the Bangladesh Securities and Exchange Commission Rules,1987.

**2.** SSSL is not holding board meeting on quarterly basis.

**Contravention** : As per Section 96 of Companies Act,1994, meeting of the Board of Directors should be held on quarterly basis.

**3.** SSSL did not submit audit report to CSE of the year ended on 30 June,2014 within four months of ending accounting year.

**Contravention** : A TREC should submit their audited financial report within four months of ending accounting year to CSE as per rule 13(4) of সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০

4. SSSL permitted a client to arise deficit in his margin account. (client code-02079.

**Contravention** : As per rule 5 of Margin Rulea 1999, no TRECH shall permit a single client for arising deficit in margin account, which exceeds 25% of average net capital of such TRECH.

5. SSSL hold dealer license but we did not find any transaction in the Dealer account during the years 2012 and 2013.

**Contravention:** Every TRECH should made transaction at least once in every year in its Dealer account as per section 11 of সনদেও শর্তাবলী of সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০

BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION
JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

যেহেতু, কমিশন উপরোল্লিখিত প্রতিবেদন অনুযায়ী সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য Super Shares & Securities Limited এর বরাবরে একটি show-cause-cum-hearing notice সূত্র নং- BSEC/Enforcement/2254/2015/565 তারিখ ০২ রা নভেম্বর ২০১৫ ইং প্রেরণ করে এবং ১২ই নভেম্বর ২০১৫ ইং তারিখে শুনানীর দিন ধার্য্য করে এবং ধার্য্যকৃত তারিখে Super Shares & Securities Limited এর CEO জনাব Major Aslam Haider উপস্থিত হয়ে ১২ ই নভেম্বর ২০১৫ ইং তারিখের পত্রের মাধ্যমে লিখিত বক্তব্য দাখিল করেন। যাতে অন্যান্যের মধ্যে, নিম্নোক্ত বিষয়গুলির উল্লেখ আছেঃ-

**Explanation of the alleged person submitted at the time of hearing:**

আপনাদের সুত্র নং বিএসইসি/এনফোর্সমেন্ট/২২৫৪/২০১৫/৩৬৫ তারিখ ০২ নভেম্বর ২০১৫ এর পত্র মোতাবেক আমাদের বক্তব্য নিম্নে প্রদত্ত হলোঃ

১। মার্জিন Client এর লোনের বিপরীতে যে interest চার্জ করা হয় তা অধিকাংশ সময়ে সাথে সাথে নগদ প্রাপ্তি না হয়ে মূল লোন এর সাথে capitalized হয়ে যায়। যার ফলে দেখা যায় consolited customer A/C এ কিছু ঘাটতি থেকে যায়। এ ব্যাপারে অতীতে সতর্ক না থাকলেও বর্তমানে যথেষ্ঠ কঠোর হওয়ার দরুন বর্তমানে এ ধরনের কোন deficit নেই, বিগত ৮ মাসের net capital balance statement এ যার প্রতিফলন হয়েছে। আপনার সদয় অবগতির জন্য উক্ত statement সমূহ সংযুক্ত করা হলো।

২। আমাদের প্রতিনিয়ত পরিচালকদের বোর্ড মিটিং অনুষ্ঠিত হয়ে থাকে কিন্তু যেহেতু প্রতিষ্ঠানের পরিচালকগন একই পরিবারের সদস্য হওয়ার দরুন উক্ত বোর্ড মিটিং এর সিদ্ধান্তসমূহ মিনিটস্ আকারে অতীতে সংরক্ষিত করা হয় নাই। বর্তমানে বোর্ড মিটিং এর মিনিটস্গুলো সংরক্ষন করা হচ্ছে এবং ভবিষ্যতেও তা সংরক্ষন করার ব্যাপারেও আমরা বদ্ধ পরিকর। বিগত ৬ (ছয়) মাসের মিনিটস সংযুক্ত করা হলো।

৩। আমাদের অফিসের অভ্যন্তরীন সমস্যার জন্যে বিগত বছরের অর্থাৎ ৩০/৬/২০১৪ তারিখের অডিটেড রিপোর্ট যথাসময়ে উপস্থাপন করতে পারিনি বিধায় উক্ত রিপোর্টটি উপস্থাপনের জন্য অতিরিক্ত সময় নেয়া হয় এবং পরবর্তীতে উল্লেখিত সময়ের মধ্যে উক্ত রিপোর্টটি প্রেরণ করি (অতিরিক্ত সময়ের আবেদন পত্র সংযুক্ত করা হলো)। কমিশনের নিয়মানুযায়ী ৩০/৬/২০১৫ তারিখের অডিট রিপোর্টটি যথাসময়ে উপস্থাপন করা হয়েছে এবং ভবিষ্যতেও সঠিক সময়ের মধ্যে উপস্থাপনের ব্যাপারে আমরা সচেষ্ট থাকব।

৪। নীট ক্যাপিটাল ব্যালেন্স এর ২৫% এর অতিরিক্ত লোন একজন client কে ২০১০ সালের পূর্বে প্রদান করা হয় এবং পরবর্তীতে উক্ত client তা পরিশোধ করার অংগিকার করে, কিন্তু বার-বার reminder দেয়া সত্বেও কোন প্রকার চেক পরিশোধ করেনি। ইতোমধ্যে বাজারে ধ্বস নামে, এক্ষেত্রে আমরা forced sell এর মাধ্যমে সমন্বয় করতে চাইলেও কমিশন থেকে বার-বার forced sell এর ব্যাপারে নিষেধ করা হয়। তাই কমিশনের মৌখিক নিষেধাজ্ঞা এবং মানবিকতার কারণে আমরা আর forced sell করিনি। এখানে উল্লেখ্য যে, মার্জিন লোন প্রদানকৃত অর্থ আমাদের অপর এক অংগ প্রতিষ্ঠান হতে নেয়া। বর্তমানে উক্ত client এর outstanding balance ১,৬৬,১৯,৪৮২/- (এক কোটি ছেষট্টি লক্ষ উনিশ হাজার চারশত বিরাশি) টাকার মধ্যে ৯৬,০৪,০৬৮/- (ছিয়ানব্বই লক্ষ চার হাজার আটষট্টি) টাকা যা

বিগত বছরের Interest capitalized হয়েছে। প্রকৃত পক্ষে উক্ত client এর মূল লোন এর পরিমান ৭০,১৫,৪১৪/- (সত্তুর লক্ষ পনের হাজার চারশত চৌদ্দ) টাকা। বর্তমানে সংশ্লিষ্ট ব্যক্তিকে reminder (কপি সংযুক্ত) প্রদানসহ বেশ কয়েকবার সরাসরি আলোচনা করা হয়েছে এবং আশাকরি বিষয়টি দ্রুত সমাধান করা যাবে। ইতিমধ্যে উক্ত ব্যাক্তির outstanding balance পূর্বেও তুলনায় অনেকটাই কমে এসেছে। তাই বর্তমান বাজার পরিস্থিতির আলোকে একচেঞ্জ উপরোক্ত বিষয়টি ক্ষমা সুলভ দৃষ্টিতে দেখবেন বলেই আমাদের বিশ্বাস।

Phone (PABX) : +880-2-9568101-2, +880-2-9561525, Fax : +880-2-9563721, e-mail : secbd@bdmail.net, Web : www.secbd.org, www.sec.gov.bd

৫। Dealer A/C এর অনুমোদন পাওয়ার পর থেকে আমরা নিয়মিত লেনদেন করে আসছি। তবে মার্কেট ধ্বসের পরে উক্ত হিসাবে বেশ কিছু ক্ষতির সম্মুখীন হওয়ার দরুন লেন-দেন এর পরিমান কমে যায়। বিগত পাঁচ বছরে লেন-দেন হয় যথাক্রমেঃ ২০১১ সালে= ৪৫,৬১,৬৫০/- টাকা, ২০১২ সাল= ৩১,৬১,৬১৪/- টাকা, ২০১৩ সাল= ৬২,৮৩,৩২৭/- টাকা, ২০১৪ সালে= ৮৩,৩১,২৭০/- টাকা এবং ২০১৫ সালে= ৩৯,৭৮,৭৪৬/- টাকা। কিন্তু পরবর্তীতে জানতে পারি উপরোক্ত হিসাবটি পঞ্জিকা বর্ষ (জানুয়ারি- ডিসেম্বর) না হয়ে অর্থ বছর (জুলাই-জুন) হিসেবে করতে হবে, যার ফলে দেখা যায় যে ২০১২-২০১৩ হিসাব বছরের কোন লেন-দেন হয়নি। আমাদের এ অনিচ্ছাকৃত ভুলের জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত।

এতএব, ভবিষ্যতে সিকিউরিটিজ এক্সচেঞ্জের সকল নীতিমালা মেনে চলা এবং উপরোল্লিখিত বিষয়সমূহের যাতে পূনরাবৃতি না হয় সে ব্যাপারে আমরা সতর্ক থাকব।

যেহেতু, Super Shares & Securities Limited এর লিখিত বক্তব্য কমিশনের বিবেচনায় গ্রহনযোগ্য হয়নি, যা সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতা বিধায় section 22 of the Securities and Exchange Ordinance, 1969 অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ এবং যা ক্ষমার অযোগ্য;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, তথা পুঁজিবাজারের উন্নয়নের পাশাপাশি বাজারের শৃংখলা ও স্বচ্ছতা রক্ষার স্বার্থে উক্ত ব্রোকার/ডিলার কে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে Super Shares & Securities Limited এর উপর ২ (দুই) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

07/04/2017

মোঃ আঃ সালাম সিকদার
কমিশনার

বিতরনঃ

Super Shares & Securities Limited
Elite House
CDA Avenue
Nasirabad, Chittagong